

2020

"অনলাইন এসাইনমেন্ট" সংক্রান্ত বিজ্ঞপ্তি

৩৫৩ সফটওয়্যার
সফটওয়্যার
২৫/১১/২০
উপস্থাপিত
৩.৩.৩.৩
২৫-১১-২০

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ষষ্ঠ থেকে নবম শ্রেণীর সকল শিক্ষার্থীদের প্রতি সপ্তাহে তিনটি করে মোট আঠারটি এসাইনমেন্ট বিদ্যালয়ে জমা দেয়ার নির্দেশনা দেওয়া হয়েছে।

শিক্ষার্থীদের স্বাস্থ্যঝুঁকি ও স্বাস্থ্য নিরাপত্তা বিবেচনা করে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সহযোগিতায় উদ্যোগে বিনামূল্যে একটি "অনলাইন এসাইনমেন্ট" সফটওয়্যার শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। এই সফটওয়্যারের মাধ্যমে সকল শিক্ষার্থী অনলাইনে তাদের এসাইনমেন্ট জমা দিতে পারবে, শিক্ষকগণ অনলাইনে এসাইনমেন্ট মূল্যায়ন করতে পারবেন এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহ অনলাইনে মনিটরিং করতে পারবে। নিম্নে "অনলাইন এসাইনমেন্ট" সফটওয়্যার ব্যবহারের নিয়মাবলী প্রদান করা হলঃ

১। "অনলাইন এসাইনমেন্ট" সফটওয়্যার প্রথমে সকল শিক্ষা প্রতিষ্ঠান তাদের স্ব-স্ব EIIN নম্বর ও পাসওয়ার্ড দিয়ে লগইন করলেই প্রতিষ্ঠানের EIIN সহ একটি লিঙ্ক পাবেন। উক্ত লিঙ্ক কপি করে সকল শিক্ষার্থীদের প্রদান করবেন।

২। স্ব-স্ব স্কুল হতে প্রাপ্ত লিঙ্ক এ ক্লিক করে শিক্ষার্থীরা শ্রেণী ও বিষয় অনুযায়ী সকল এসাইনমেন্ট দেখতে পাবে এবং প্রস্তুতকৃত এসাইনমেন্টের ছবি তুলে সংযুক্ত/আপলোড করতে পারবে।

৩। স্কুল শিক্ষার্থীদের আপলোডকৃত এসাইনমেন্টসমূহ দেখতে পাবে এবং তা মূল্যায়নের জন্য প্রদত্ত শিক্ষক তালিকা হতে বিষয়/এসাইনমেন্ট অনুযায়ী শিক্ষক এসাইন/এড করতে পারবে।

৪। শিক্ষকবৃন্দ শিক্ষা বোর্ডের ওয়েব সাইট হতে "অনলাইন এসাইনমেন্ট" সফটওয়্যারে লগইন করে এসাইনমেন্টসমূহ অনলাইনে মূল্যায়ন করতে পারবেন।

৫। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষা বোর্ডের ওয়েব সাইট হতে "অনলাইন এসাইনমেন্ট" সফটওয়্যারে লগইন করে সকল আপলোডকৃত এসাইনমেন্টসমূহের তালিকা, মূল্যায়নের তথ্য ইত্যাদি মনিটর করতে পারবে।

এমতাবস্থায় শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানদেরকে উক্ত "অনলাইন এসাইনমেন্ট" সফটওয়্যার ব্যবহারের জন্য অনুরোধ করা হল।

AS-1
25-11-20
29/11/20